

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১২৭

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে হাদীস, হাদীস বিষয়ে অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, উটের গোসত খেলে ওয়ূ করা ওয়াজিব নয়

ذِكْرُ خَبَرٍ قَدْ يُوهِمُ غَيْرَ الْمُتَبَحِّرِ فِي صِنَاعَةِ الْعِلْمِ أَنَّ الْوُضُوءَ مِنْ أَكْلِ لُحُومِ الْجَزُورِ غَيْرُ وَاجِبٍ

আরবী

1127 _ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا اللَّهِ عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا البْنُ جُرَيْجٍ قَالَ: حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ الْمُنْكَدِرِ سَمِعَ جَابِرَ بْنَ عَبْدِ عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا البْنُ جُرَيْجٍ قَالَ: حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ الْمُنْكَدِرِ سَمِعَ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ يَقُولُ: قُرِّبَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خُبْزٌ وَلَحْمٌ فَأَكَلَهُ وَدَعَا بِوَضُوءٍ ثُمَّ صَلَّى الظُّهْرَ ثُمَّ دَعَا بِفَضْل طَعَامِهِ فَأَكَلَ ثُمَّ صَلَّى الْعَصْرُ وَلَمْ يَتَوَضَّا أُثُمَّ دَعَا بِفَضْل طَعَامِهِ فَأَكَلَ ثُمَّ صَلَّى الْعَصْرُ وَلَمْ يَتَوَضَّا أُثُمَّ دَخَلْتُ مَعَ أَبِي مَكِي فَقَالَ: هَلْ مِنْ شَيْءٍ؟ فَلَمْ يَجِدُوا فَقَالَ: أَيْنَ شَاتُكُمُ الْوَالِدُ؟ فَأَمْرَنِي بِهَا فَاعَتَقَلْتُهَا بُكُرٍ فَقَالَ: هَلْ مِنْ شَيْءٍ؟ فَلَمْ يَجِدُوا فَقَالَ: أَيْنَ شَاتُكُمُ الْوَالِدُ؟ فَأَمْرَنِي بِهَا فَاعتَقَلْتُهَا فَحَلَبْتُ لَهُ ثُمَّ صَنَعَ لَنَا طَعَامًا فَأَكَلْنَا ثُمَّ صَلَّى قَبْلَ أَنْ يَتَوَضَّا أَنُ ثُمَّ دَخَلْتُ مَعَ عُمَرَ فَوَضَعْتُ جَفْنَةً فِيهَا خُبْزُ وَلَحْمٌ فَأَكُلْنَا ثُمَّ صَلَيْنَا قَبْلَ أَنْ يَتَوَضَاً ثُمَّ دَخَلْتُ مَعَ عُمَر

قَالَ: وَحَدَّثَنَا مَعْمَرٌ عَنِ ابْنِ المنكدر عن جابر مثله.

الراوي : جَابِر بْن عَبْدِ اللَّهِ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1127 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

১১২৭. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে রুটি ও গোশত পেশ করা হলো, অতঃপর তিনি খেলেন এবং ওয়ূর পানি আনতে বললেন তারপর তিনি যোহরের সালাত আদায় করলেন তারপর তিনি অবশিষ্ট খাবার আনতে বললেন অতঃপর তা খেলেন তারপর আসরের সালাত আদায় করলেন কিন্তু ওয়ূ করলেন না। তারপর আমি আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহুর সাথে সেখানে গমন করলে, তিনি বলেন, "কোন খাবার আছে কি?" অতঃপর তারা কোন খাবার পেলেন না।



তখন তিনি বললেন, "তোমাদের বাচ্চাপ্রসবকারী মেষটি কোথায়?" তিনি আমাকে সেটা নিয়ে আসতে বললেন। ফলে আমি মেষটি ধরি অতঃপর তার দুধ দোহন করি। তারপর তিনি আমাদের জন্য খাবার প্রস্তুত করেন অতঃপর খাওয়া দাওয়া করি। তারপর তিনি (নতুন) ওয়ৃ করার আগেই সালাত আদায় করেন। তারপর আমি উমার রাদ্যাল্লাহু আনহুর সাথে সেখানে গমন করি এবং আমি তাঁর জন্য রুটি ও গোশত সহ একটি গামলা নিয়ে আসি। অতঃপর আমরা তা খাই তারপর আমরা ওয়ৃ করার করার আগেই সালাত আদায় করি।"[1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "ইবনুল মুনকাদিরের সূত্রে জাবির থেকে আমাদেরকে মা'মারও অনুরুপ হাদীস বর্ণনা করেছেন।"

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩২২; আবূ দাউদ: ১৯১; সুনান বাইহাকী: ১/১৫৬; তিরমিযী: ৮০; ইবনু মাজাহ: ৪৯০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৪৭; আবূ দাউদ আত তায়ালিসী: ১৬৭; তাহাবী, শারহুল মা'আনিল আসার: ১/৬৫; মুসান্নাফ আব্দুর রায্যাক: ৬৪৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৮৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন